



ইরান যুদ্ধক্ষেত্র ছাড়েনি, আলোচনার টেবিলও ত্যাগ করেনি



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

ইসরায়েলের সঙ্গে তীব্র হামলা-পাল্টা হামলার মধ্যেই নতুন বার্তা দিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি বলেছেন, ইরান যেমন যুদ্ধক্ষেত্র ছেড়ে যায়নি, তেমনি আলোচনার পথও বন্ধ করেনি।

সোমবার (৮ জুন) আন্তর্জাতিক সংবাদমাধ্যমের প্রতিবেদনে জানানো হয়, তেহরান এখনও যুক্তরাষ্ট্রের সঙ্গে কূটনৈতিক যোগাযোগ চালিয়ে যেতে আগ্রহী। তবে নিজেদের নিরাপত্তা ও প্রতিরক্ষার প্রশ্নে কোনো ছাড় দেবে না বলেও স্পষ্ট করেছে দেশটি।

এক বার্তায় পেজেশকিয়ান বলেন, কূটনীতি ও প্রতিরক্ষা জাতীয় শক্তির দুটি গুরুত্বপূর্ণ ভিত্তি। তার ভাষায়, ইরান একদিকে আলোচনায় রয়েছে, অন্যদিকে নিজেদের অবস্থান রক্ষায়ও দৃঢ় আছে।

তিনি আরও বলেন, দেশটি কখনও চাপের মুখে যুদ্ধক্ষেত্র থেকে সরে দাঁড়ায়নি এবং আলোচনার টেবিল থেকেও উঠে যায়নি।

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যেই ইরানের এই বক্তব্য নতুন করে আন্তর্জাতিক অঙ্গনে আলোচনা তৈরি করেছে।